গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড**
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
www.wewb.gov.bd

নং-৪৯.০৪.০০০০.০০৪.১৮০১০.২০২০-০০৪

তারিখ: ১০ ভাদ্র ১৪২৭ / ২৫ আগষ্ট ২০২০

**বিষয়: প্রত্যাগত অভিবাসী কর্মী পুনর্বাসন ঋণ নীতিমালা, ২০২০।**

মুজিব শতবর্ষ ২০২০ উপলক্ষে ১২/০২/২০২০ তারিখে অনুষ্ঠিত ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ২৯৩তম সভা ও ২৭/০২/২০২০ তারিখে অনুষ্ঠিত ২৯৪তম সভার সিদ্ধান্তক্রমে বিদেশ হতে ফেরৎ অভিবাসী কর্মীদের (পুরুষ/নারী) রিইন্ট্রিগ্রেশন ও পুনর্বাসন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। উক্ত কর্মসূচি বাস্তবায়নের নিমিত্ত ''প্রত্যাগত অভিবাসী কর্মীর পুনর্বাসন ঋণ নীতিমালা, ২০২০'' প্রণয়ন করা হলো।

১। **শিরোনাম**: এই নীতিমালা "প্রত্যাগত অভিবাসী কর্মী রিইন্টিগ্রেশন ও পুনর্বাসন ঋণ নীতিমালা, ২০২০" নামে অভিহিত হবে।

২। **উদ্দেশ্য**: প্রত্যাগত অভিবাসী কর্মীদের অর্থনৈতিক কর্মকান্ডে সম্পৃক্ত করে টেকশই উন্নয়ন ও সুরক্ষা নিশ্চিতকরণের লক্ষ্যে সুষ্ঠভাবে রিইন্টিগ্রেশন ও পুনর্বাসন কর্মসূচী বাস্তবায়ন করা।

৩। **ঋণ প্রাপ্তির যোগ্যতা**:

(ক) বাংলাদেশের নাগরিক হতে হবে;
(খ) বয়স ন্যূনতম ২১ বৎসর হতে হবে;
(গ) আবেদনকারীকে সংশ্লিষ্ট এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে;
(ঘ) বহির্গমন ছাড়পত্র নিয়ে বৈধভাবে বিদেশ গমন অথবা বোর্ডের সদস্যপদ থাকতে হবে।

৪। **ঋণের প্রকৃতি**: চলতি পুঁজি/ ক্যাশ ক্রেডিট।

৫। **ঋণের খাতসমূহ**: বাংলাদেশের অর্থনৈতিক ও সামাজিক প্রেক্ষাপট বিবেচনায় নিম্নলিখিত খাতসমূহে ঋণ প্রদানের জন্য বিবেচিত হবে:

(ক) মৎস্য চাষ;
(খ) পোল্ট্রি ফার্ম (হাঁস ও মুরগী);
(গ) গরু/ছাগল/ ভেড়া/ মহিষ মোটাতাজাকরণ/পালন;
(ঘ) গরু/ছাগল/ ভেড়া/ মহিষের দুগ্ধ খামার;
(ঙ) ব্লক-বাটিক প্রিন্টিং;
(চ) ক্ষুদ্র ও কুটিরশিল্প;
(ছ) মুদি/মনোহরী;
(জ) কাপড়/তৈরি পোষাক/টেইলারিং ব্যবসা;
(ঝ) কম্পিউটার/ফাটোকপি/ফোন ফ্যাক্স এর দোকান;
(ঞ) অটোরিক্সা/রিক্সা/ভ্যান ক্রয়; এবং
(ট) বিউটি পার্লার;

চলমান পাতা-২

উল্লেখ্য, বাস্তবতার নিরিক্ষে সার্বিক বিবেচনায় উপরোক্ত তালিকায় অন্তর্ভূক্ত করা হয়নি এমন কোন খাতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে অর্থায়ন করা যাবে।

৬। **ঋণ সীমা**: সর্বনিম্ন ৩০,০০০/- (ত্রিশ হাজার) এবং সর্বোচ্চ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা।

৭। **ঋণের মেয়াদ**: প্রকল্প এবং ব্যবসার প্রকৃতি/ধরণ অনুযায়ী সর্বোচ্চ ৩ (তিন) বছর।

৮। **ঋণের জামানত/গ্যারান্টি**:

(ক) জায়গা-জমির দলিলের ফটোকপি; এবং
(খ) ঋণগ্রহিতার পিতা/মাতা/ভাই/বোন/স্ত্রী/সন্তান/কিংবা নিকট আত্মীয়ের নিকট হতে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকার ননজুডিশিয়াল স্ট্যাম্পে ঋণের গ্যারান্টার হিসেবে অঙ্গিকারনামা।
(গ) ঋণগ্রহিতার নিকট হতে তার ব্যাংক হিসাবের চেক বইয়ের স্বাক্ষরিত চেক (কিস্তির সংখ্যার সমপরিমান স্বাক্ষরিত চেক)।

৯। **গ্রেস/মরাটোরিয়াম পিরিয়ড**: সর্বনিম্ন ৬ (ছয়) মাস এবং সর্বোচ্চ ১ (এক) বছর।

১০। **প্রসেসিং ফি**: ঋণ গ্রহীতাকে ঋণ গ্রহণের সময় ২% প্রসেসিং ফি প্রদান করতে হবে।

১১। **ঋণ আদায়**: মঞ্জুরিপত্রের শর্ত মোতাবেক ঋণ গ্রহীতাকে ঋণের কিস্তি পরিশোধ করতে হবে (পরিশিষ্ট-ক) ''ছক'' মোতাবেক যথাসময়ে ঋণ পরিশোধের ব্যর্থতায় দেশের বিদ্যমান আইন অনুযায়ী ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

১২। **ঋণ আবেদনের প্রয়োজনীয় কাগজপত্র**:

(ক) আবেদনকারীর আবেদনসহ পারিবারিক তথ্যসম্বলিত জীবন বৃত্তান্ত (নির্ধারিত ফরমেটে);
(খ) আবেদনকারীর পাসপোর্ট (পাসপোর্টের বহির্গমন ও আগমন সীলযুক্ত পাতাসহ) এর ফটোকপি ;
(গ) বৈধভাবে বিদেশ গমণের বিষয়ে বহির্গমন ছাড়পত্র/সদস্যপদ এর ফটোকপি;
(ঘ) আবেদনকারীর সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি;
(ঙ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি;
(চ) গ্যারান্টারের সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি ও জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি;
(ছ) হালনাগাদ ট্রেড লাইসেন্সের সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে);
(জ) প্রশিক্ষণ/অভিজ্ঞতার সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে);
(ঝ) ব্যক্তিগত/প্রকল্পের নামে কোন সংস্থা/এনজিও/ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হতে গৃহীত ঋণের ঘোষণাপত্র; এবং
(ঞ) অন্য কোন কোন সংস্থা/ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হতে ঋণ গ্রহণ করা হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে ঋণ হিসাব বিবরণীসহ ঋণ খেলাপী নয় মর্মে ঋণ গ্রহীতাকে নন-জুডিশিয়াল স্টাম্পে হলফনামা দাখিল করতে হবে।

১৩। **ঋণ ব্যবস্থাপনা**:

ক) রিইন্টিগ্রেশন কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে ডিইএমও স্থানীয় প্রশাসন, স্থানীয় এনজিও ও অন্যান্য ব্যক্তি বা সংস্থার সহযেগিতা গ্রহণ করা যাবে।
খ) প্রযোজ্য ক্ষেত্রে ঋণ ঝুঁকি কমানোর জন্য বীমা সুবিধা অন্তর্ভূক্ত করা যেতে পারে।

চলমান পাতা-৩

১৪। **ঋণ গ্রহিতা নির্বাচন:** প্রত্যাগত প্রবাসী কর্মীর যোগ্যতা, অভিজ্ঞতা ও সক্ষমতা বিবেচনায় নিয়ে গঠিত কমিটি প্রয়োজনীয় তথ্য সংগ্রহপূর্বক ঋণ গ্রহণের উপযোগী কর্মীদের একটি তালিকা প্রণয়ন করবে এবং তা মহাপরিচারক মহোদয়ের চুড়ান্ত অনুমোদনের পর ঋণ বিতরণ করা হবে;

১৫। **ঋণ মঞ্জুরি:** প্রত্যাগত কোন কর্মীকে এককভাবে বা সর্বচ্চো ০৫ জনের গ্রুপে ঋণ মঞ্জুরি করা যাবে। মঞ্জুরিকৃত ঋণের সমুদয় অর্থ ঋণ গ্রহীতার ব্যাংক হিসাবে এককালীন পরিশোধ করা হবে।

১৬। **ঋণ মঞ্জুরির ক্ষমতা:** প্রত্যাগত অভিবাসী কর্মীদের রিইন্টিগ্রেশন ও পুনর্বাসন কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে ঋণ মঞ্জুরির ক্ষমতা মহাপরিচালক এর উপর ন্যস্ত থাকবে।

১৭। **সঞ্চয়ী হিসাব:** ঋণ গ্রহিতাকে যেকোন তফসিলি ব্যাংকে অথবা ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের নির্দেশনা মোতাবেক বাধ্যতামূলকভাবে সঞ্চয় হিসাব খুলতে হবে;

১৮। **নীতিমালা কার্যকর ও সংশোধন ক্ষমতা:** এই নীতিমালা জারির তারিখ হতে কার্যকর হবে। এই নীতিমালা সংশোধন, সংযোজন, বিয়োজন, পরিমার্জন, পরিবর্ধন করার ক্ষমতা ওয়েজ আর্নার্স কল্যাণে বোর্ডের মহাপরিচালকের উপর ন্যস্ত থাকবে।

২৫/৮/২০২০

**(মোঃ হামিদুর রহমান)**
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ০২-৪৮৩১৮২০৪
ইমেইল: dg@wewb.gov.bd

নং-৪৯.০৪.০০০০.০০৪.১৮০১০.২০২০-***০০৪(৯)***

তারিখ: ১০ ভাদ্র ১৪২৭ / ২৫ আগষ্ট ২০২০

<u>সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১। মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ৮৯/২, কাকরাইল, ঢাকা।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৩। সচিবে একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৪। পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৫। উপ-পরিচালক (সকল),ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৬। প্রোগ্রামার, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা (ওয়েব সাইটে আপলোডের অনুরোধসহ)।
৭। সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও) সকল।
৮। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৯। অফিস কপি।

25.8.2020

**(নুরুন আখতার)**
যুগ্ম সচিব
পরিচালক (তথ্য প্রযুক্তি, গবেষণা ও পরিকল্পনা)
ফোন: ০২-৯৩৫২৬১৯
ইমেইল: d.irp@wewb.gov.bd

পরিশিষ্ট-''ক''

## ঋণের মেয়াদকাল ও পরিশোধসূচি:

| ক্রম | খাত/প্রকল্পসমূহ | ঋণের মেয়াদ (সর্বোচ্চ) | গ্রেস পিরিয়ড | পরিশোধসূচি (সর্বোচ্চ) | বিতরণের সময়কাল |
|---|---|---|---|---|---|
| ১. | মৎস্য চাষ | ৩ বছর | ৬ মাস | ৩০ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ২. | পোল্ট্রি ফার্ম (হাঁস ও মুরগী) | ৩ বছর | ৯ মাস | ২৭ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ৩. | গবাদি পশু মোটাতাজাকরণ | ৩ বছর | ১২ মাস | ২৪ মাস পর এককালীন | বছরব্যাপী |
| ৪. | দুগ্ধ খামার | ৩ বছর | ৬ মাস | ৩০ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ৫. | ব্লক-বাটিক প্রিন্টিং | ৩ বছর | ৬ মাস | ৩০ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ৬. | ক্ষুদ্র ও কুটিরশিল্প | ৩ বছর | ৬ মাস | ৩০ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ৭. | মুদি/মনোহরী | ৩ বছর | ৬ মাস | ৩০ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ৮. | কাপড়ের ব্যবসা/তৈরি পোষাক ব্যবসা | ৩ বছর | ৬ মাস | ৩০ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ৯. | কম্পিউটার/ ফটোকপি/ ফোন ফ্যাক্স এর দোকান | ৩ বছর | ৬ মাস | ৩০ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ১০. | অটোরিক্সা/রিক্সা/ভ্যান ক্রয় | ৩ বছর | ৬ মাস | ৩০ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ১১. | বিউটি পার্লার | ৩ বছর | ৬ মাস | ৩০ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |